

(প্রেস বিজ্ঞপ্তি)

৬ অক্টোবর ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত

ফুটপাথ ও রাস্তা হতে ৫০টি অবৈধ দোকান উচ্ছেদ

৬ ব্যক্তিকে ২১ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর বন্দরটিলা ও নেভী হাসপাতাল গেইট এলাকায় রাস্তার উভয় পাশে অবৈধ দোকান বসিয়ে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় প্রায় ৫০টি দোকান উচ্ছেদ করে রাস্তার জায়গা অবৈধ দখলমুক্ত করা হয়। এই সময় অবৈধভাবে রাস্তায় ব্যবসা করার অপরাধে ৩ ব্যক্তিকে ১৫ হাজার টাকা ও ট্রেড লাইসেন্স ছাড়া ব্যবসা করার অপরাধে ৩ ব্যক্তিকে ৬ হাজার টাকাসহ ২১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে আরো অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাসেম। এ সময় ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩